

■■ সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ৩৩৭৮

৬০/ আম্বিয়া কিরাম ('আঃ) (১যাণ أحاديث الأنبياء)

পরিচ্ছেদঃ ৬০/১৭. আল্লাহ তা'আলার বাণীঃ আর সামূদ জাতির প্রতি তাদেরই ভাই সালিহকে পাঠিয়েছিলাম- (হুদঃ ৬১)। আল্লাহ আরো বলেন, হিজরবাসীরা রসূলগণের প্রতি মিথ্যারোপ করেছিলো- (হিজরঃ ৮০)।

بَابُ قَوْلِ اللهِ تَعَالَى وَإِلَى ثَمُوْدَ أَخْهُمْ صَلِحًا (الأعراف: 73) كَذَّبَ أَصْحُبُ الْحِجْرِ (الحجر :80)

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ مِسْكِيْنٍ أَبُوْ الْحَسَنِ حَدَّثَنَا يَحْيَى بْنُ حَسَّانَ بْنِ حَيَّانَ أَبُوْ زَكَرِيَّاءَ حَدَّثَنَا سُلَيْمَانُ عَنْ عَبْدِ اللهِ بْنِ دِيْنَارٍ عَنْ ابْنِ عُمَرَ رَضِيَ اللهُ عَنْهُمَا أَنَّ رَسُوْلَ اللهِ صلى الله عليه وسلم لَمَّا نَزَلَ الْحِجْرَ فِيْ غَزْوَةِ تَبُوكَ أَمَرَهُمْ أَنْ لَا يَشْرَبُوْا مِنْ بِنِّرِهَا وَلَا يَسْتَقُوْا عليه وسلم لَمَّا نَزَلَ الْحِجْرَ فِيْ غَزْوَةِ تَبُوكَ أَمَرَهُمْ أَنْ لَا يَشْرَبُوْا مِنْ بِنِرهَا وَلَا يَسْتَقُوْا مِنْ بَاللهِ عَلَى الله عَلَى الله عَلَى الله عليه وسلم أَمْرَ وَيُهَرِيْقُوا ذَلِكَ الْعَجِيْنَ وَيُهَرِيْقُوا ذَلِكَ الْمَاءَ وَيُرْوَى عَنْ سَبْرَةَ بْنِ مَعْبَد وَأَبِي الشُّمُوْسِ أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم أَمَرَ الله عليه وسلم أَمْرَ الطَّعَامِ وَقَالَ أَبُوْ ذَرِّ عَنْ النَّبِيِّ صلى الله عليه وسلم مَنْ اعْتَجَنَ بِمَائِهِ إِلْقَاءِ الطَّعَامِ وَقَالَ أَبُو ذَرِّ عَنْ النَّبِيِّ صلى الله عليه وسلم مَنْ اعْتَجَنَ بِمَائِهِ

বাংলা

৩৩৭৮. ইবনু 'উমার (রাঃ) হতে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাবুকের যুদ্ধের সময় যখন হিজর নামক স্থানে অবতরণ করলেন, তখন তিনি সাহাবীগণকে নির্দেশ করলেন, তাঁরা যেন এখানের কূপের পানি পান না করে এবং মশকেও পানি না ভরে। তখন সাহাবীগণ বললেন, আমরা তো এর পানি দ্বারা রুটির আটা গুলে ফেলেছি এবং পানিও ভরে রেখেছি। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদেরকে সেই গুলানো আটা ফেলে দেয়ার এবং পানি ঢেলে দেয়ার নির্দেশ দিলেন। সাবরা ইবনু মা'বাদ এবং আবুশ শামূস (রহ.) হতে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খাদ্য ফেলে দেয়ার নির্দেশ দিয়েছেন আর আবৃ যার (রাঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেছেন, এর পানি দ্বারা যে আটা গুলেছে (তা ফেলে দেয়ার নির্দেশ দিয়েছেন)। (৩৩৭৯) (মুসলিম ৫৩/১ হাঃ ২৯৮১) (আধুনিক প্রকাশনীঃ ৩১২৮, ইসলামিক ফাউন্ডেশনঃ ৩১৩৬)

English

Narrated Ibn `Umar:



When Allah's Messenger (sallallahu 'alaihi wa sallam) landed at Al-Hijr during the Ghazwa of Tabuk, he ordered his companions not to drink water from its well or reserve water from it. They said, "We have already kneaded the dough with its water. and also filled our bags with its water." On that, the Prophet (sallallahu 'alaihi wa sallam) ordered them to throw away the dough and pour out the water.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন